দৈনিক ইত্তেফাক

তারিখ ...0..1 JUN 199?
পৃষ্ঠা ৭ কলাম ৬

# এইচএসসি ঃ বাংলা প্রথম পত্রের পরীক্ষায় ২ হাজার বহিষ্কার

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (রবিবার) এইচএসসি বাংলা প্রথমপত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে দেশের বিভিন্ন কেন্দ্র হইতে প্রায় দুই হাজার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। কোন পরীক্ষা কেন্দ্রে বড় ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। মেহেরপুর সরকারী কলেজ কেন্দ্র হইতে কয়েক বস্তা নকল উদ্ধার করা হয়।

রাজশাহী শিক্ষাবোর্ডের বিভিন্ন কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনের দায়ে সর্বাধিক ৯৩৬ জনকে বহিষ্কার করা হয়। ইহাছাড়া ঢাকা বোর্ডে ৪৪৪ জন, যশোর বোর্ডে ২২৯ জন, কুমিল্লা বোর্ডে ১২৯ জন এবং চট্টগ্রাম বোর্ডে ১৮৯ জন বহিষ্কৃত হয়।

বহিষ্কৃতদের মধ্যে রহিয়াছে ঢাকা বোর্ডের মহানগরীর বিভিন্ন কেন্দ্রের ৩ জন, গাজীপুর ১৮, নারায়ণগঞ্জ ৭, মুন্সিগঞ্জ ১৯, ময়মনসিংহ ৩৪, জামালপুর ৭০, শেরপুর ৮, কিশোরগঞ্জ ৪০, নেত্রকোনা ১৩৪, ফরিদপুর ১৬, শরিয়তপুর ১৮, মাদারীপুর

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## এইচএসসি

(প্রথম পৃঃ পর)

৭৬ এবং রাজবাড়ীর ১ জন।

রাজশাহী বোর্ডের দিনাজপুরে ২৮১ জন, পঞ্চগড়ে ২৫ জন, ঠাকুরগাঁও ৪৫, লালমনিরহাট ২০, রাজশাহী ৯১, নবাবগঞ্জ ৭২, নওগাঁ ২৪, পাবনা ২৩, সিরাজগঞ্জ ৩৭, বগুড়া ৫৭, রংপুর ৯১, গাইবান্ধা ৪৭, নীলফামারী ৭৩ এবং কুড়িগ্রামে ৫০ জন বহিষ্কার হয়।

যশোর বোর্ডের বহিষ্কৃত হইলঃ খুলনা ২১, যশোর ৪৭, নড়াইল ৫, কুষ্টিয়া ৮২, পটুয়াখালী ৫, বরিশাল ১৬, ভোলা ১৯, সাতক্ষীরা ১৮ এবং ঝিনাইদহ ১৬। কুমিল্লা বোর্ডের চাঁদপুরে ৫১ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৩৮ জন এবং কুমিল্লায় ৪০ জন বহিষ্কার হয়।

বরিশাল অফিস জানায়, উজিরপুর থানার হাবিবুর সৈয়দ আজিজুল হক কলেজে একটি কক্ষে বিশেষ সুযোগ-সুবিধা দেওয়ায় সেই কক্ষের উপর শনিবার কেন্দ্রের অন্য পরীক্ষার্থীরা চড়াও হয়। বেলা ১টার পরও ঐ কক্ষে উত্তরপত্র লেখার সময় দেওয়া হয়। পরীক্ষার্থীরা ইহা জানিতে পারিয়া কক্ষের বন্ধ দরজা খোলার চেষ্টা চালায়। ব্যর্থ হইয়া ব্যাপক ভাংচুর করে। অভিযোগে প্রকাশ, ঐ কেন্দ্রের ২নং কক্ষে বাইরের কলেজের পরিদর্শকদের ঐ দিন প্রবেশ করিতে দেওয়া হয় নাই। এ ব্যাপারে টিএনও জানান হামলা হয় নাই। নকল করিতে না পারায় এক পরীক্ষার্থী জানালায় ঘুষি মারে।

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা জানান, গতকাল দুপুর আনুমানিক পৌনে ১২টায় অন্নদা সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্রের দুই তলায় নিক্ষিপ্ত ককটেল বিস্ফোরিত হয়। ইহাতে পরীক্ষার্থীদের মধ্যে আতংকের সৃষ্টি হয়। সংবাদ পাইয়া অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আনোয়ারুল করিম ও অতিরিক্ত পুলিশ সুপার মকবুল হোসেন ভূঁইয়া ঘটনাস্থলে যান। এদিকে একই কেন্দ্রে পরীক্ষা শুরু হওয়ার পরই ৬টি চকলেট বোমা বিস্ফোরিত হয়।